যুগান্তর

তারিখ 25 OCT 2016
পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষকদের বেতন আটকে দিলেন মেয়াদোত্তীর্ণ কমিটির সভাপতি

**রাঙ্গাবালী (পটুয়াখালী) প্রতিনিধি**

পটুয়াখালীর রাঙ্গাবালী মডেল মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালনা পর্ষদ সভাপতির নির্দেশ অমান্য করায় শিক্ষক-কর্মচারীদের এক মাস ধরে বেতন-ভাতা উত্তোলন বন্ধ রাখা হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। এ বিষয়ে শুক্রবার বরিশাল মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড চেয়ারম্যান বরাবর লিখিত অভিযোগ করেছেন ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুল মালেক। একইসঙ্গে এর অনুলিপি জেলা প্রশাসক, জেলা শিক্ষা কর্মকর্তা, বরিশাল মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড পরিদর্শক, উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কাছে পাঠানো হয়েছে। লিখিত অভিযোগ সূত্রে জানা গেছে, ওই বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের মেয়াদ শেষ হয়ে যাওয়ায় গত ১৮ অক্টোবর সরকারি বিধি মোতাবেক অভিভাবক সদস্য পদে নির্বাচন অনুষ্ঠিত হয়। ওই নির্বাচনে বিদ্যালয়ের বর্তমান সভাপতি হুমায়ুন তালুকদার নিজের পছন্দের প্রার্থীর পক্ষে নির্বাচনী প্রচার-প্রাচারণা ও সমর্থন করার জন্য শিক্ষক-কর্মচারীর ওপর চাপ প্রয়োগ করেন। এতে রাজি না হওয়ায় তিনি উদ্দেশ্যপ্রণোদিতভাবে শিক্ষক-কর্মচারীর গত সেপ্টেম্বর মাসের বেতন-ভাতা উত্তোলন বন্ধ করে রাখেন। শিক্ষকরা তার কাছে একাধিকবার বেতন ফরম নিয়ে গেলেও তিনি স্বাক্ষর করেননি। এ কারণে ওই মাসের বেতন-ভাতা উত্তোলন করা যায়নি। এছাড়া চলতি অক্টোবর মাসের বেতন-ভাতা উত্তোলন করা নিয়েও শংকায় রয়েছেন শিক্ষক-কর্মচারীরা। জানতে চাইলে রাঙ্গাবালী মডেল মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুল মালেক বলেন, অভিভাবক সদস্য পদে নির্বাচনে সভাপতি হুমায়ুন তালুকদারের পছন্দের প্রার্থীদের নির্বাচিত করতে আমাদের ওপর বিভিন্ন রকম চাপ প্রয়োগ করেন। এসব প্রস্তাবে রাজি না হওয়ায় তিনি আমাদের বেতন-ভাতা উত্তোলন বন্ধ করে রাখেন।

